

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২১/০৬/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২৩ তম সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ এরশাদ উর-রশীদ  
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।  
স্থান : পরিচালকের অফিস কক্ষ।  
তারিখ ও সময় : ২১ জুন ২০১৭ ; সকাল ১১.৩০ ঘটিকায়।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপ-পরিচালক ও সদস্য সচিব জনাব মোঃ আব্দুর রেজ্জাক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ৪টি সুপারিশ গৃহীত হয়েছিল। গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যারা মেন্টর হিসাবে ইনোভেটরদের সাথে কাজ করছেন তাদের মেন্টরদের সাথে যোগাযোগ থাকলেও তা যৌক্তিক হচ্ছে না। মেন্টরিং ব্যবস্থাকে কার্যকর করার লক্ষ্যে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে স্ব স্ব মেন্টরদের নিকট হতে উপকরণ ১৩ ফরম পূরণ করে তাদের আইডিয়া সংগ্রহ করে মেন্টর হিসাবে নিয়োজিতগণ যার যার মেন্টর আইডিয়া চূড়ান্ত করার লক্ষ্যে আগামী সভায় উপস্থাপন করবেন। উপকরণ ১৩ ফরমটি ওয়েবসাইটে ইনোভেশন কর্নারে দেয়ার বিষয়ে আলোচনা হয়। এছাড়া মেন্টরদের নামসহ একটি পত্র মাঠ পর্যায়ে মেন্টরদের নিকট প্রদানের ব্যাপারে আলোচনা হয়।\*

সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কার্যক্রম তথ্যচিত্র ও অগ্রগতি সোসাল মিডিয়ায় নিয়মিত প্রচারের উপর গুরুত্বারোপ করা হয় এবং মন্ত্রিপরিষদের সভায় অসন্তোষের বিষয়ে সচেতন থাকার আলোচনা হয়। Facebook Page এর Upload এর ত্রুটি দূর করার ব্যাপারে আলোচনা হয়। কমিটির সদস্যগণকে Facebook Page blog এ তাদের মতামত তুলে ধরার বিষয়ে আলোচনা হয়।

২। সভায় জানানো হয় যে, ইনোভেশন টিমের ২০১৬ সালের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেটরদের সম্মাননা প্রদানের বিষয়টি এখনও বাস্তবায়িত হয়নি। ইনোভেটরদের সম্মাননা/প্রদাননা প্রদানের নীতি প্রণয়নের জন্য গঠিত কমিটিকে দ্রুত কাজ শেষ করে প্রতিবেদন প্রদানের জন্য পুনরায় পত্র দিয়ে তাগিদ দেয়ার সুপারিশ গৃহীত হয়। ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকল সদস্যকে একযোগে কাজ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৩। এসআইএফ হতে প্রাপ্ত অর্থ ব্যবহার করে অন লাইনে প্রশিক্ষণ আবেদন প্রক্রিয়ার লক্ষ্যে মানিকগঞ্জ এবং কুমিল্লা জেলায় জানুয়ারি ২০১৭ থেকে বেজ লাইন সার্ভে এর কাজ শুরু হয়েছে বলে সভাকে জানানো হয়। এসআইএফ এর ব্যাপারে এটুআই এ পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়।


বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয়।

**সুপারিশ :**

- ০১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্য তাদের মেন্টর নিকট থেকে আলোচনা মাফিক উপকরণ ১৩ ফরমটি পূরণ করে তাদের উদ্যোগ সম্পর্কে জ্ঞাত হবে এবং চূড়ান্ত অনুমোদনের জন্য আগামী সভায় উপস্থাপন করবেন;
- ০২। উপকরণ ১৩ ফরমটি ওয়েবসাইটে ইনোভেশন কর্নারে দিতে হবে;

- ০৩। মেন্টরদের নামসহ মাঠ পর্যায়ে মেন্টরদের নিকট পত্র দিতে হবে ;
- ০৪। প্রাপ্ত এস আই এফ ফান্ডের যথাযথ ব্যবহার নিশ্চিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যাবলী সমাপ্ত করা। এ ব্যাপারে অগ্রগতি তরান্বিত করতে এটুআই এ পত্র দিতে হবে ।
- ০৫। সোসাল মিডিয়ায় প্রচার কার্যক্রম প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা ;
- ০৬। Facebook Page এর Upload সংক্রান্ত ত্রুটি দূর করতে হবে ;
- ০৭। যুব উন্নয়ন অধিদপ্তরের blog কে active রাখার ব্যবস্থা করা ;
- ০৮। মাঠ পর্যায়ে ইনোভেটরদের সম্মাননা প্রদানের ব্যাপারে দ্রুত পদক্ষেপ নিতে হবে ।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


  
 ০৩.০৭.১৭  
 (মোঃ এরশাদ-উর-রশীদ)  
 পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও  
 ইনোভেশন অফিসার  
 ফোনঃ ৯৫৬১৩৫৩  
 e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬-৩৯

তারিখঃ ০৬/০৭/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জনাব----- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। সংশ্লিষ্ট নথি ।

  
 ০৬/০৭/২০১৭  
 (মোঃ আব্দুর রেজ্জাক)  
 উপপরিচালক(প্রোগ্রামার) ও  
 সদস্য সচিব , ইনোভেশন টিম  
 ফোনঃ ৯৫১৪৯৭৭  
 e-mail: razzaque1966@gmail.com

পরিশিষ্ট "ক"

২১/০৬/২০১৭ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মাসুদা আকন্দ উপপরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
২	জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপ-পরিচালক(প্রোগ্রামার)	
৩	জনাব ফরহাত নূর উপপরিচালক (বাস্তবায়ন)(চঃদাঃ)	স্বাক্ষরিত
৪	মোঃ শাহীনূর রহমান সহকারী পরিচালক(দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
৫	জনাব মোঃ ফজলুল হক সহকারী পরিচালক	স্বাক্ষরিত
৬	জনাব আতাউর রহমান সহকারী পরিচালক (শৃংখলা)	স্বাক্ষরিত
৭	খন্দকার মোঃ রওনাকুল ইসলাম সহকারী পরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত